

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ৩৮/২০১৪

অভিযোগকারী : জনাব ইকবাল হোসেন ফোরকান

পিতা-মরহুম আলহাজ্জ এম এ ফাত্তাহ  
৮/জি, কনকর্ড গ্র্যান্ড,  
১৬৯/১, শান্তি নগর  
ঢাকা-১২১৭।

প্রতিপক্ষ : জনাব মুহাম্মদ নূর আলম

উপ-সচিব  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন ভবন  
সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ০৯-০৬-২০১৪ ইং)

অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ২০-০২-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মুহাম্মদ নূর আলম বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- বর্তমানে গেজেটভুক্ত রাষ্ট্রীয় সম্মানী ভাতা প্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের বিস্তারিত বর্তমান ও স্থায়ী ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বরসহ (যদি থাকে) একটি হাল নাগাদ তালিকা আবশ্যিক।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৫-০৩-২০১৪ তারিখে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই) জনাব মাসুদ সিদ্দিকী বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর ০২-০৪-২০১৪ তারিখে ৪৮.০০.০০০০.০০২.৩৪.১৮৬. ২০১৩/৮৮ নং স্মারকে উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মুহাম্মদ নূর আলম অভিযোগকারীকে তথ্য সরবরাহ করেন। সরবরাহকৃত তথ্যে তিনি সন্তুষ্ট হতে না পারায় ২০-০৪-২০১৪ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ১৯-০৫-২০১৪ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ০৯-০৬-২০১৪ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব ইকবাল হোসেন ফোরকান ও প্রতিপক্ষ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মুহাম্মদ নূর আলম হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর নিকট ০১ নং অনুচ্ছেদে উল্লিখিত তথ্য চেয়ে আবেদন করেন। তথ্য না পেয়ে তিনি আপীল কর্তৃপক্ষ (আরটিআই) বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) গেজেটভুক্ত রাষ্ট্রীয় সম্মানীভাতা প্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের হালনাগাদ তথ্য না থাকায় তথ্য প্রদান সম্ভব নয় মর্মে তাকে অবহিত করেন। পরবর্তীতে তিনি তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

(অঃ পৃঃ দ্রঃ)

০৫। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মুহাম্মদ নূর আলম বক্তব্যে উল্লেখ করেন যে, গেজেটভুক্ত রাষ্ট্রীয় সম্মানীভাতা প্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের বর্তমান ও স্থায়ী ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর সম্বলিত হালনাগাদ তালিকা অদ্যবধি প্রণয়ন করা হয়নি বিধায় এ সংক্রান্ত কোন তথ্য প্রদান করা সম্ভব হয়নি। মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিকট এসকল তথ্য রয়েছে মর্মে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কমিশনকে অবহিত করেন। অভিযোগকারীকে মুক্তিযোদ্ধা কল্যাণ ট্রাস্টের নিকট তথ্য প্রাপ্তির আবেদন করার পরামর্শ প্রদান করা হয়।

০৬। রাষ্ট্রীয় সম্মানীভাতা প্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের তালিকা সম্বলিত গেজেটের কপি মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে কিনা? কমিশন কর্তৃক এমন প্রশ্নের জবাবে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জানান মন্ত্রণালয়ে সংরক্ষিত আছে এবং তা সরবরাহ করা যাবে।

### পর্যালোচনা।

অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) উভয়ের বক্তব্য শ্রবনান্তে এবং দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, অভিযোগকারীর প্রার্থিত হালনাগাদ তথ্যাদি দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কর্তৃক সরবরাহ করা সম্ভব হয়নি। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কমিশনের নির্দেশনা অনুযায়ী অভিযোগকারীর প্রার্থিত তথ্যের মাঝে যতটুকু সংরক্ষিত আছে, তা সরবরাহ করার নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

### সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো :-

- ১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে আগামী ১৬-০৬-২০১৪ তারিখ বা তদপূর্বে অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য (রাষ্ট্রীয় সম্মানীভাতা প্রাপ্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধাদের তালিকা সম্বলিত গেজেট) সরবরাহ করার জন্য মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের উপ-সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) জনাব মুহাম্মদ নূর আলম কে নির্দেশনা দেয়া হলো।
- ২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।
- ৩। নির্দেশনাগুলো বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত  
(অধ্যাপক ড. সাদেকা হালিম)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ আবু তাহের)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার